রাজশাহী সিটি কর্পোরেশন
নগর ভবন রাজশাহী
erajshahi.portal.gov.bd

রাসিক কল সেন্টার
হেল্পলাইন ১৬১০৫

## শিক্ষা, স্বাস্থ্য, পরিবার পরিকল্পনা এবং স্বাস্থ্যরক্ষা ব্যবস্থা স্থায়ী কমিটির কার্য বিবরণী

গত ১১ ফেব্রুয়ারী ২০২৪/২৮ মাঘ,১৪৩০ তারিখ রবিবার দুপুর ১২.০০ ঘটিকায় শিক্ষা,স্বাস্থ্য, পরিবার পরিকল্পনা এবং স্বাস্থ্যরক্ষা ব্যবস্থা স্থায়ী কমিটির ৩য় সভা এবং মুলতবি সভা ১২/২/২০২৪ তারিখে নগর ভবনের ৮০৮ নং কক্ষে শিক্ষা,স্বাস্থ্য, পরিবার পরিকল্পনা এবং স্বাস্থ্যরক্ষা ব্যবস্থা স্থায়ী কমিটির সভাপতি জনাব মোঃ তৌহিদুল হক ও ১৯নং ওয়ার্ডের সম্মানিত কাউন্সিলর এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়।

সভায় উপস্থিত সদস্যবৃন্দ

| ক্র. নং | নাম | পদবি |
|---|---|---|
| ১. | জনাব মোঃ তৌহিদুল হক | সভাপতি, শিক্ষা, স্বাস্থ্য, পরিবার পরিকল্পনা এবং স্বাস্থ্যরক্ষা ব্যবস্থা স্থায়ী কমিটি ও সম্মানিত কাউন্সিলর,১৯নং ওয়ার্ড। |
| ২. | জনাব সরিফুল ইসলাম বাবু | সদস্য, শিক্ষা, স্বাস্থ্য, পরিবার পরিকল্পনা এবং স্বাস্থ্যরক্ষা ব্যবস্থা স্থায়ী কমিটি, ও সম্মানিত কাউন্সিলর, ১২নং ওয়ার্ড। |
| ৩. | জনাব আকতারুজ্জামান | সদস্য, শিক্ষা, স্বাস্থ্য, পরিবার পরিকল্পনা এবং স্বাস্থ্যরক্ষা ব্যবস্থা স্থায়ী কমিটি ও সম্মানিত কাউন্সিলর, ২৬নং ওয়াড। |
| ৪. | জনাবা মোসাঃ সেবুন নেসা | সদস্য, শিক্ষা, স্বাস্থ্য, পরিবার পরিকল্পনা এবং স্বাস্থ্যরক্ষা ব্যবস্থা স্থায়ী কমিটি ও সম্মানিত কাউন্সিলর, সংরক্ষিত আসন নং ০৩। |
| ৫. | জনাবা মোসাঃ আলফাতুন নেসা | সদস্য, শিক্ষা, স্বাস্থ্য, পরিবার পরিকল্পনা এবং স্বাস্থ্যরক্ষা ব্যবস্থা স্থায়ী কমিটি ও সম্মানিত কাউন্সিলর, সংরক্ষিত আসন নং ০৪। |
| ৬. | প্রধান স্বাস্থ্য কর্মকর্তা ,রাজশাহী সিটি কর্পোরেশন | সদস্য-সচিব |
| ৭. | | |

সভাপতি জনাব মোঃ তৌহিদুল হক উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে আলোচনার সূত্রপাত করেন।

আলোচ্য সূচি :
১. শিক্ষিকাদের সাথে মতবিনিময় সভা।

শুরুতেই পরিচিতি পর্ব ঃ সভায় উপস্থিতি সকল সদস্য তাদের নাম ওয়ার্ড নং ও পদবি উল্লেখপূর্বক নিজেদের পরিচয় প্রদান করেন। সভার সভাপতি মহোদয়ের পরামর্শক্রমে শিক্ষা কর্মকর্তা জনাব মোঃ মাহবুবুর রহমান রাজশাহী সিটি প্রাক প্রাথমিক কেন্দ্রের বিস্তারিত তথ্য ও বিভিন্ন তথ্য উপস্থাপন করেন। তিনি সভাকে অবহিত করেন যে, বর্তমান মহানগরীর ২, ৩, ৪, ৬, ৭, ৯, ১১, ১২, ১৫, ১৬, ১৭, ১৮, ১৯, ২১, ২৩, ২৪, ২৫, ২৮, ২৯ ও ৩০ নং ওয়ার্ডে মোট ২০ টি কেন্দ্রে এ কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। ১৯ নং ওয়ার্ড ব্যতীত প্রতিটি কেন্দ্রে শিশু বিকাশ শ্রেণী ও প্রাক প্রাথমিক শ্রেণী আছে। ১৯ নং ওয়ার্ডে শুধু প্রাক-প্রাথমিক শ্রেণী চালু রাখা হয়েছে। ১৯ নং ওয়ার্ডে ১ জন ও অন্যান্য প্রতিটি ওয়ার্ডে ২ জন করে মোট ৩৯ জন শিক্ষিকা পাঠ দান করে থাকেন। ২০২৩ সালের ডিসেম্বর মাসের তথ্যানুসারে ২০টি ওয়ার্ডের শিক্ষার্থী সংখ্যা ১২০৬ জন। কেন্দ্রগুলোর বিদ্যমান অবস্থা: ভাড়া ১০টি- ২, ৩, ৬, ৭,১১, ১৬, ১৭, ২১, ২৩ ও ৩০ নং ওয়ার্ড। যে সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ৫ টি স্কুল অবস্থিত- ৪, ৯,১৯,২৪ ও ২৫ নং ওয়ার্ডে। যে সকল আরবান প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের সঙ্গে ৪ টি স্কুল অবস্থিত- ১২, ১৮,২৮ ও২৯ নং ওয়ার্ডে ও ক্লাব ঘরে ১টি স্কুল অবস্থিত- ১৫ নং ওয়ার্ডে। সভাপতি মহোদয় উপস্থিতি sbk ও pre primary school এর শিক্ষিকাদের মধ্য থেকে ১ জন শিক্ষিকা এবং pre primary school থেকে অপর ১ জন শিক্ষিকাকে সুবিধা ও অসুবিধা সম্পর্কে জানাতে বলেন। sbk এর পক্ষ থেকে ৭নং ওয়ার্ডেও শিক্ষিকা শাকিলা খাতুন বলেন কয়েকটি ওয়ার্ডের কেন্দ্র স্থানান্তর প্রয়োজন কিছু কিছু স্কুলের জায়গা ছোট,টিন ফুটা ব্যবহারের অযোগ্য। pre primary school থেকে মালেকা খাতুন বলেন শিশুদের বসার জন্য মাদুর,ফ্যান, চক সিলেট,

শিশুতোষ খেলনা সামগ্রী ইত্যাদি প্রয়োজন। এর পর সভাপতি মহোদয় প্রতিটি স্কুলের চাহিদা প্রস্তুতের জন্য পরামর্শ দেন। তিনি আরো পরামর্শ দেন যে সকল ওয়ার্ড স্কুল ভাড়া নিয়ে পরিচালিত হচ্ছে তা যদি আমরা নিকটস্থ স্কুলে বা ক্লাবে স্থানান্তর করা যায় তাহলে ব্যায় কমানো যাবে। তিনি আরো পরামর্শ দেন সকল ওয়ার্ড কাউন্সিলরদের সাথে সকল শিক্ষিকাদের সম্পর্ক বৃদ্ধি করে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহন করা। শিক্ষিকাদের বেতন নিয়ে আলোচনা হয়। আলোচনায় sbk ও pre primary school শিক্ষিকাদেও বর্তমান বেতন ৫৫০০ টাকা যা বর্তমান অনুযায়ী খুবই সোচনীয়।জরুরি ভিত্তিতে বেতন বৃদ্ধিতে মাননীয় মেয়র মহোদয়ের সম্মতিক্রমে বেতন বৃদ্ধি প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত হয়েছে।নিম্নে সিদ্ধান্ত গুলো প্রদত্ত হলো ঃ

সিদ্ধান্ত :

(১) শিক্ষিকাবৃন্দের মাসিক বেতন ৫৫০০/-(পাঁচ হাজার পাঁচশত টাকা) চলমান থাকায় মানবিক দিক বিবেচনায় ৩০০০/-(তিন হাজার) টাকা বৃদ্ধির জন্য সাধারন সভায় উপস্থাপনের জন্য সুপারিশ করা হলো ।

(২) কেন্দ্র পরিচালনা ও পাঠদান সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষে প্রয়োজনীয় মালামাল এর চাহিদা প্রস্তুত পূর্বক বাজেটে উপস্থাপন ও সরবরাহ নিশ্চিতকরনে ব্যবস্থা গ্রহনে সাধারন সভায় উপস্থাপনের জন্য সুপারিশ করা হলো ।

আলোচ্য সূচি :

2. রেজিষ্টার যথাযথভাবে সম্পাদন।

(১)শিক্ষিকাদের প্রশিক্ষণ প্রয়োজন,(২) শিক্ষিকারা জন্ম নিবন্ধন ছাড়া কোন শিশুকে ভর্তি করা যাবেনা। (৩) সিটি হাসপাতালের কার্যক্রম সম্পর্কে আলোচনা করা হয়েছে। এছারাও প্রত্যেক কাউন্সিলর ৫টি করে গর্ভবতি কার্ড মাদেরকে প্রদান করে থাকেন।(৪) বাল্য বিবাহ ও মাদক নিয়ে আলোচনা করা হয়।(৫) স্কুলে টোকেন মানি সর্ম্পকে আলোচনা করা হয়।

নিম্নে সিদ্ধান্ত গুলো প্রদত্ত হলো ঃ

সিদ্ধান্ত :

(১) শিক্ষিকাবৃন্দ জন্ম নিবন্ধন ছাড়া কোন শিশুকে ভর্তি করা থেকে বিরত থাকবেন।

(২) শিক্ষিকাদের প্রয়োজনীয় প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহন।

(৩)শিশুদের মাসিক টোকেন মানি জন প্রতি ছাত্র/ছাত্রী ৫০ টাকা মাসিক বেতন হিসেবে (শিক্ষা উপকরন ক্রয়ের জন্য) সাধারন সভায় উপস্থাপনের জন্য সুপারিশ করা হলো।

আর কোন আলোচনা না থাকায় সভার সভাপতি উপস্থিতি সবাইকে আবারো ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(মোঃ তৌহিদুল হক)<br>
সভাপতি<br>
শিক্ষা, স্বাস্থ্য, পরিবার পরিকল্পনা এবং স্বাস্থ্যরক্ষা ব্যবস্থা স্থায়ী কমিটি<br>
ও<br>
কাউন্সিলর, ওয়ার্ড নং- ১৯<br>
রাজশাহী সিটি কর্পোরেশন

স্মারক নং- ৪৬.১২.৫০৮১.০০৩.১৪.১৮৩ তারিখ:

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

৩. জনাব/জনাবা.........................................................................................................................

কাউন্সিলর, ওয়ার্ড/সংরক্ষিত আসন নং......., রাজশাহী সিটি কর্পোরেশন।

২. বাজেট কাম হিসাব রক্ষণ কর্মকর্তা, রাজশাহী সিটি কর্পোরেশন।

৩. মাননীয় মেয়র'র একান্ত সচিব, রাজশাহী সিটি কর্পোরেশন।

৪. প্রধান নির্বাহী কর্মকর্তা ব্যক্তিগত সহকারী, রাজশাহী সিটি কর্পোরেশন।

৫. সচিবের ব্যক্তিগত সহকারী, রাজশাহী সিটি কর্পোরেশন।
৬. অফিস নথি।

**প্রধান স্বাস্থ্য কর্মকর্তা**
**ও**
**সদস্য সচিব**
শিক্ষা, স্বাস্থ্য, পরিবার পরিকল্পনা এবং স্বাস্থ্য রক্ষা ব্যবস্থা স্থায়ী কমিটি
**রাজশাহী সিটি কর্পোরেশন।**

০১। মোট কেন্দ্র সংখ্যা ২০ টি।

০২। কেন্দ্র গুলোতে শিক্ষিকার সংখ্যা =৩৯-১= ৩৮ এক জন শিক্ষিকা ইন্তেকাল করেছেন।

০৩। প্রাক প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র/ছাত্রির সংখ্যা সর্বমোট = ১১৫০ জন

০৪। শিক্ষিকাদের বেতন =৫৫০০/- বর্তমান পরিস্থিতিতে খুবই সোচনীয় যা বর্তমান বাজার মূল্যেয় অবস্থায় বৃদ্ধির প্রয়োজন।

০৫। প্রাক প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষিকাদের সিটি কর্পোরেশন অর্ন্তভুক্ত করা দরকার

**০৬ রাজশাহী সিটি প্রাক-প্রাথমিক বিদ্যালয় সমূহের ২০ টি ওয়ার্ড কেন্দ্রে প্রয়োজনীয় মালামালের চাহিদা নিম্নরুপঃ**

উপরোক্ত বাজেট টি সম্ভাব্য বাজেট

| ক্রমিক নং | পণ্যের নাম | পরিমান/সংখ্যা | মূল্য | মোট মূল্য ২০টি স্কুলের জন্য | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ০১ | White Board | ০১ টি ২ft/4ft | ৮৫০×২০ | ১৭,০০০ | | |
| ০২ | ডাস্টার | ০১টি | ১৫×৪০ | ৬০০ | | |
| ০৩ | ফুল ঝাড়ু | ০১ | ৭০×২০ | ১,৪০০ | | |
| ০৪ | ফ্যান | ০১ | ৩০০০×৫ | ১৫,০০০ (৫টি) | | |
| ০৫ | মাদুর/সপ/পাটি | ০১ | ২৫০×৬০ | ১৫,০০০( প্রত্যেক স্কুলে ৩ টি ) | | |
| ০৬ | পেন্সিল | ০১ডজন | ৯৫×৮০ | ৭,৬০০ ( প্রত্যেক স্কুলে ৪ টি প্যাকেট) | | |
| ০৭ | হ্যান্ড ওয়াস পাউডার | ০১ প্যাকেট | ২৫×২৪০ | ৬,০০০(প্রত্যেক স্কুলে ১২ টি করে) | | |
| ০৮ | হ্যান্ড ওয়াস বোতল | ০১ াট | ২০×২০ | ৪০০ | | |
| ০৯ | টিন | ০১ বান্ডিল | ৪৫০০×২ | ৯,০০০ | | |
| ১০ | মিস্ত্রি খরচ | | ১০০০০× | ১০,০০০ | | |
| ১১ | মার্কার কলম | ১টি | ৩৫×২৪০ | ৮,৪০০ (প্রত্যেক স্কুলে ১২ টি করে) | | |
| ১২ | শিশুদের খেলনা | ১ টি স্কুল | ২৫০০×২০ | ৫০,০০০ | | |
| ১৩ | স্ট্যাপলার | ১ | ৫০×২০ | ১,০০০ | | |
| ১৪ | জগ | ১ | ১০০×২০ | ২,০০০ | | |
| ১৫ | গ্লাস | ১ | ৪০×৪০ | ১,৬০০( প্রত্যেক স্কুলে ২ টি করে) | | |
| ১৬ | গাম আঠা ২৫০ g | ২৫০ | ৫০×২০ | ১,০০০ | | |
| ১৭ | খাতা | ১ | ২০×৪০০ | ৮,০০০(প্রত্যেক স্কুলে ২০ টি করে) | | |
| ১৮ | তালা | ১ | ২৫০×২০ | ৫,০০০ | | |
| ১৯ | ঘড়ি | ১ | ৩০০×২০ | ৬,০০০ | | |
| ২০ | টাওয়েল | ১ | ১০০×৪০ | ৪,০০০ | | |
| ২১ | প্লাস্টিক বালতি | ১ | ১৫০×২০ | ৩,০০০ | | |
| ২২ | প্লাস্টিক মগ | ১ | ৩০×২০ | ৬০০ | | |
| | | | মোট = | ১,৭২,৬০০/- | | |